

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০০.০০৪.৯৯.০০০৫.২৬.৫৭

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক:

এভেন্ট ল্যাবস লি., ঠিকানা: প্লট-২, রোড-১১, ব্লক-এইচ, বীর উত্তম খাদেমুল বাসার সড়ক, বনানী, ঢাকা।

বিষয়: আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) বিষয়ে সাময়িক প্রত্যয়ন।

সূত্র: আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের অফিস আদেশ স্মারক নং : ২৬.০৩.০০০০.০০০.০০২.৯৮.০০০২.২৩.১০৭

তারিখ : ১২ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইন জটিলতার কারণে এভেন্ট ল্যাবস লি.; ঠিকানা: প্লট-২, রোড-১১, ব্লক-এইচ, বীর উত্তম খাদেমুল বাসার সড়ক, বনানী, ঢাকা যার “TIN NO.294596168752”। অনলাইন লাইসেন্সিং মডিউল (ওএলএম)-এ আবেদনকৃত ট্র্যাকিং নং- ০৩২৬৫১৮৬৪৫৪৬৭১, সাবমিশন ডেট: ৪ মার্চ, ২০২৬- এর আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) এর ফিস অনলাইনে পরিশোধ করা সম্ভব না হওয়ায় আবেদনকৃত নতুন আইআরসিতে পঞ্চাশ কোটি আমদানি সীমার জন্য আমদানি নিবন্ধন ফিস বাবদ এ-চালানের মাধ্যমে ৭০,০০০/- টাকা ও ভ্যাট বাবদ ১০,৫০০/- পরিশোধ করেছেন এবং আবেদনের সাথে সংযুক্ত প্রয়োজনীয় অন্যান্য কাগজাদি দাখিল করেছেন যা যাচাই করে সঠিক বলে প্রতীয়মান হওয়ায় প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার সুবিধার্থে নিম্নোক্ত শর্তে পত্র জারির তারিখ হতে আগামী ০৩ (তিন) মাস সময় পর্যন্ত প্রতিষ্ঠানকে ৫০,০০,০০,০০০ (পঞ্চাশ কোটি) টাকা পর্যন্ত আমদানি সীমা প্রদান করে আমদানি অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলি :

- ১। নিষিদ্ধ পণ্য আমদানি করা যাবে না, এবং শর্তযুক্ত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ- এ বর্ণিত সংশ্লিষ্ট শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে।
- ২। এই নিবন্ধন সনদ প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি বা তার মনোনীত কোনো কর্মকর্তার সুস্পষ্ট অনুমোদন ছাড়া হস্তান্তরযোগ্য নয়।
- ৩। আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ অথবা প্রযোজ্য অন্য কোনো আইন লঙ্ঘন করলে এই সনদ স্থগিত বা বাতিল করা হতে পারে।
- ৪। জালিয়াতি, প্রতারণা বা মিথ্যা ঘোষণার ক্ষেত্রে প্রযোজ্য আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ধরনের পরিস্থিতিতে কর্তৃপক্ষ সনদ স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে
- ৫। কর্তৃপক্ষ যে-কোনো সময়, কোনো কারণ দর্শানো ছাড়াই, এই সনদ বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৬। এই পত্রটি সাময়িক সময়ের জন্য ব্যবহার করা যাবে এবং উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এর কোনো বৈধতা থাকবে না।
- ৭। সময়সীমা অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর ওএলএম সিস্টেমে আবেদন করে আইআরসি সনদ-এর আমদানি সীমা সমন্বয় করে সনদ ইস্যু করে নিতে হবে।

০৯-০৪-২০২৬

নুরুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা

ইমেইল : eo1.ho@ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০০.০০৪.৯৯.০০০৫.২৬.৫৭/১ (৬)


তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা, ১০০০।

- ২। নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক এর শাখা, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৩। কমিশনার, কমিশন অব কাস্টমস, ঢাকা/বেনাপোল/চট্টগ্রাম।
- ৪। ম্যানেজার, শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি, বনানী শাখা, ঢাকা।
- ৫। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৬। নির্বাহ অফিসার, জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।




০৯-০৪-২০২৬
নূরুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা